ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং
International Academic Programme Wing

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

## বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রাম : এইচএসসি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের (২০২৪ ব্যাচ) ভর্তি নির্দেশিকা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর ওপেন স্কুল পরিচালিত বহিঃবাংলাদেশ (নিশ-২) এইচএসসি প্রোগ্রামে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (২০২৪ ব্যাচ) শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। সৌদি আরব, কাতার, কুয়েত, ইতালি, দক্ষিণ কোরিয়া ও সংযুক্ত আরব আমিরাতে কর্মরত/বসবাসরত বাংলাদেশি অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত আগ্রহী ব্যক্তিদের সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে এইচএসসি প্রোগ্রামে ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিম্নরূপ:

ক) **ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া সম্পন্নের তারিখ:** ০৫ জানুয়ারি, ২০২৪ থেকে ২০ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত (অনলাইনে আবেদন ও নির্ধারিত ফি'স জমাদানের মাধ্যমে সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।)

খ) **প্রোগ্রামের নাম ও কোড:** বহিঃবাংলাদেশ (নিশ-২) এইচএসসি প্রোগ্রাম। কোড নম্বর-১৮;

গ) **শিক্ষা প্রণালী:** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে দূরশিক্ষণ পদ্ধতিতে পরিচালিত হবে।

ঘ) **শিক্ষাবর্ষ:** ২০২৪-২০২৫ (ব্যাচ: ২০২৪)।

ঙ) **ভর্তির শাখা:** মানবিক এবং ব্যবসায় শিক্ষা।

চ) **রেজিস্ট্রেশনের মেয়াদ:** এই প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বনিম্ন ২(দুই) বছর এবং সর্বোচ্চ ৫(পাঁচ) বছর। অর্থাৎ দুই বছরের আগে কোনো শিক্ষার্থী এটি সম্পন্ন করতে পারবেন না এবং পাঁচটি চূড়ান্ত পরীক্ষার পর কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ছ) **ভর্তির যোগ্যতা:** আবেদনকারীকে অবশ্যই এসএসসি/দাখিল/ও-লেভেল বা সরকার স্বীকৃত সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশের নাগরিক হিসেবে সৌদি আরব/কাতার/কুয়েত/ইতালি/দক্ষিণ কোরিয়া/সংযুক্ত আরব আমিরাতের অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত হতে হবে।

জ) **প্রয়োজনীয় কাগজপত্র:** ভর্তির আবেদন অনলাইনে পূরণ করার সময় নিম্নের কাগজপত্র প্রস্তুত থাকতে হবে। (i) প্রার্থীর সম্প্রতি তোলা ছবি (300×300 Pixel) এবং স্বাক্ষরের (300×100 Pixel) স্ক্যান কপি, (ii) এসএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্রের স্ক্যান কপি, (iii) জাতীয় পরিচয়পত্র/ স্মার্ট কার্ড/ জন্ম নিবন্ধন সার্টিফিকেটের স্ক্যান কপি, (iv) পাসপোর্টের স্ক্যান কপি, (v) বসবাসের অনুমতি কার্ডের স্ক্যান কপি এবং (vi) ভর্তি ফি জমাদান প্রমাণকের স্ক্যান কপি।

ঝ) **ভর্তি ও অন্যান্য ফি :**

| বর্ষ | ফি'র পরিমাণ (মার্কিন ডলার) | মন্তব্য |
|---|---|---|
| ১ম বর্ষ | **১৮০ মার্কিন ডলার** | ১ম বর্ষে ভর্তির সময় প্রথম বর্ষের নির্ধারিত ফি এবং ২য় বর্ষে ভর্তির সময় দ্বিতীয় বর্ষের নির্ধারিত ফি জমা প্রদান করতে হবে। |
| ২য় বর্ষ | **১৬৫ মার্কিন ডলার** | |

ঞ) **ভর্তি প্রক্রিয়া:** সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের ওয়েবসাইট বা ফেসবুক পেইজে দেওয়া নির্দেশনা মতো প্রথম বর্ষের ভর্তি ফি বাবদ ১৮০ মার্কিন ডলার জমা প্রদান করে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তি ফি জমাদানের প্রমাণক সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসে জমা প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ট) **আবেদনের জন্য ফরম পূরণ:** আবেদন ফরমে শিক্ষার্থীর নিজের নাম ও জন্ম তারিখ এবং পিতা-মাতার নাম অবশ্যই এসএসসি /সমমানের সনদ অনুযায়ী হুবহু লিখতে হবে। শিক্ষার্থীর সনদপত্রের সাথে পাসপোর্ট/এনআইডি'তে উল্লিখিত তথ্যের (আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম বা জন্ম তারিখ) গড়মিল পরিলক্ষিত হলে এসএসসি সনদপত্রের তথ্যকেই সঠিক বলে বিবেচনা করা হবে। আবেদন ফরম পূরণের জন্য https://forms.gle/i5yYws4GyotjtQaDA ওয়েবসাইট ব্রাউজ করুন।

ঠ) **জ্ঞাতব্য:** (i) প্রতি কোর্সে ২০টি অনলাইন টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে। এজন্য শিক্ষার্থীর ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় ডিভাইস থাকতে হবে। (ii) শিক্ষার্থীরা প্রধানত ই-বুক ব্যবহার করবেন। https://www.ebookbou.edu.bd/hsc.php ওয়েব সাইট থেকে ই-বুক ডাউনলোড করা যাবে। তবে ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং (আইএপিডব্লিউ)-এর সাথে যোগাযোগ সাপেক্ষে কোন শিক্ষার্থী ইচ্ছা করলে ব্যক্তিগত উদ্যোগে মুদ্রিত বই (বিনামূল্যে) সংগ্রহ করতে পারবেন। (iii) ভর্তিকৃত শিক্ষার্থী বাংলাদেশে প্রত্যাবর্তন করলে অথবা অন্য দেশে অভিবাসন গ্রহণ করলে বহিঃবাংলাদেশ (নিশ-২) এইচএসসি প্রোগ্রামে তার শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে। (iv) কোন প্রার্থী অসদুপায় (জাল সনদ, ভুল তথ্য) অবলম্বন করলে তার ভর্তি বাতিল করা হবে এবং ভর্তির টাকা অফেরতযোগ্য হিসাবে বিবেচিত হবে।

### যোগাযোগ

| বাংলাদেশ দূতাবাস | ডিন, ওপেন স্কুল, বাউবি | ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং, বাউবি |
|---|---|---|
| সৌদি আরব/কাতার/কুয়েত<br>ইতালি/ দক্ষিণ কোরিয়া<br>সংযুক্ত আরব আমিরাত | dean.os@bou.ac.bd | iapw@bou.ac.bd |

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ

বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## BANGLADESH OPEN UNIVERSITY

সৌদি আরব, কাতার, কুয়েত,
সংযুক্ত আরব আমিরাত,
দক্ষিণ কোরিয়া ও ইতালিতে
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে

# এইচএসসি প্রোগ্রাম

বহিঃ বাংলাদেশ (নিশ-২)
উন্মুক্ত ও দূরশিক্ষণ




## ভর্তি চলছে



কিউআর কোডটি স্ক্যান করে
সকল তথ্য জানা যাবে।

Scan Here

### ভর্তি প্রক্রিয়া

অনলাইনে আবেদনের জন্য
https://forms.gle/i5yYws4GyotjtQaDA
ওয়েবসাইট ব্রাউজ করুন।

### অনলাইনে আবেদন ও ভর্তির তারিখ:

৫ জানুয়ারি, ২০২৪ থেকে
২০ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত
ক্লাস শুরু: মার্চ, ২০২৪

### বিস্তারিত তথ্যের জন্য

https://iapw.bou.ac.bd
https://bou.ac.bd

### ভর্তির বিষয়ে প্রয়োজনে যোগাযোগ করুন

- ডিন, ওপেন স্কুল e-mail: dean.os@bou.ac.bd
- ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইংঃ e-mail: iapw@bou.ac.bd
- সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস

কোনো প্রার্থী অসদুপায় (জাল সনদ, ভুল তথ্য) অবলম্বন করলে তার ভর্তি বাতিল করা হবে এবং ভর্তির টাকা অফেরতযোগ্য হিসাবে বিবেচিত হবে।

সভাপতি
ভর্তি কমিটি, নিশ-২, ওপেন স্কুল, বাউবি